গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২২২.২২. 626 তারিখ- 7 /০৯/২০২২ খ্রিঃ

বিভাগীয় মামলা নং- 09/2022

**অভিযোগনামা**

যেহেতু, আপনি মোঃ জাফর ইকবাল, পিতা- মোঃ আব্দুল আজিজ, সিনিয়র স্টাফ নার্স, সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট এর বিরুদ্ধে উক্ত প্রতিষ্ঠানের ১৯/০৫/২০২২ খ্রিঃ তারিখের ওমেকহাসি/ই-১/২০২২/২৪৮৬ নং স্মারকে এ মর্মে অভিযোগ উত্থাপিত হয়েছে যে, আপনি কর্তৃপক্ষের বিনা অনুমতিতে ০৭/০৫/২০২২ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত আছেন;

২। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের প্রেক্ষিতে এ অধিদপ্তরের ১৭/০৭/২০২২ খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২২২.২২.২৪৪ নং স্মারকে কারণ দর্শানো হয় এবং আপনি উক্ত কারণ দর্শানোর জবাব দাখিল করেননি;

৩। যেহেতু, আপনি দীর্ঘদিন কর্মস্থলে অনুপস্থিত থেকে কর্তব্য কর্মে চরম অবহেলা প্রদর্শন করেছেন, যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বিধি অনুযায়ী ''অসদাচরণ'' এর আওতাভুক্ত অপরাধ;

৪। যেহেতু, আপনার কর্তৃক কর্মস্থলে একাদিক্রমে ৬০ (ষাট) দিন বা ততোধিককাল অননুমোদিত অনুপস্থিতি সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(চ) বিধি অনুযায়ী "পলায়ন'' এর আওতাভুক্ত অপরাধ;

৫। সেহেতু, আপনি মোঃ জাফর ইকবাল, পিতা- মোঃ আব্দুল আজিজ, সিনিয়র স্টাফ নার্স, সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেটকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী ''অসদাচরণ'' ও ৩(গ) বিধি অনুযায়ী "পলায়ন'' এর দায়ে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনাকে চাকরি হতে বরখাস্ত করা হবে না বা উক্ত বিধির আওতায় অন্য কোনো যথোপযুক্ত শাস্তি প্রদান করা হবে না সে মর্মে এই অভিযোগনামা পাওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে আপনাকে লিখিতভাবে নিম্নস্বাক্ষরকারী বরাবর কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। এ বিষয়ে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করতে ইচ্ছুক কিনা তাও জানানোর জন্য বলা হলো। এ সংক্রান্ত অভিযোগ বিবরণীর এক প্রস্থ এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

<u>প্রাপকঃ</u> মোঃ জাফর ইকবাল
সিনিয়র স্টাফ নার্স

<u>বর্তমান ঠিকানা</u>
মোঃ জাফর ইকবাল
পিতা- মোঃ আব্দুল আজিজ
সিনিয়র স্টাফ নার্স
সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট

<u>স্থায়ী ঠিকানা</u>
মোঃ জাফর ইকবাল
পিতা- মোঃ আব্দুল আজিজ
গ্রামঃ বাল্লা, ইউনিয়নঃ ইছামতি
উপজেলাঃ জকিগঞ্জ, জেলাঃ সিলেট।

স্বাঃ-
সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
ই-মেইলঃ info@dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.২২২.২২. ৬২৬/১ (৬)

তারিখ০৭/০৯/২০২২ খ্রিঃ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

২। পরিচালক, সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট।

৩। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

৪। সহকারী পরিচালক, পিএমআইএস, এ অধিদপ্তর, ঢাকা। (অভিযোগনামাটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)

৫। সেবা তত্ত্বাবধায়ক, সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট।

৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

৭/৯/২২

মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃঙ্খলা)
ফোনঃ ০২-৪১০৮০৪১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২০০.২২.628 তারিখ- 7/০৯/২০২২ খ্রিঃ

বিভাগীয় মামলা নং- ০৫৬/2022

**অভিযোগনামা**

যেহেতু, আপনি তাছলিমা খাতুন, পিতা- মোঃ আব্দুল জলিল, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চর রাজীবপুর, কুড়িগ্রাম (সাবেক কর্মস্থল- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, দেওয়ানগঞ্জ, জামালপুর) এর বিরুদ্ধে এই মর্মে অভিযোগ উত্থাপিত হয়েছে যে, আপনি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ১৪/০৬/২০২০ খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০১০.১৯.০০১.১৯-৩৬৮ নং স্মারকে জারিকৃত বদলির আদেশ অবজ্ঞা করেছেন;

২। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের প্রেক্ষিতে এ অধিদপ্তরের ১৪/০৬/২০২০ খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২০০.২২.১০০ নং স্মারকে কারণ দর্শানো হয়। আপনি উক্ত কারণ দর্শানোর জবাব দাখিল করেন, যা সন্তোষজনক বিবেচিত হয়নি;

৩। যেহেতু, আপনার এরূপ কর্মকান্ড সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বিধি অনুযায়ী ''অসদাচরণ'' এর আওতাভুক্ত অপরাধ;

৪। সেহেতু, আপনি তাছলিমা খাতুন, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চর রাজীবপুর, কুড়িগ্রাম (সাবেক কর্মস্থল- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, দেওয়ানগঞ্জ, জামালপুর)কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী ''অসদাচরণ'' এর দায়ে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনাকে চাকরি হতে বরখাস্ত করা হবে না বা উক্ত বিধির আওতায় অন্য কোনো যথোপযুক্ত শাস্তি প্রদান করা হবে না সে মর্মে এই অভিযোগনামা পাওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে আপনাকে লিখিতভাবে নিম্নস্বাক্ষরকারী বরাবর কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। এ বিষয়ে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করতে ইচ্ছুক কিনা তাও জানানোর জন্য বলা হলো। এ সংক্রান্ত অভিযোগ বিবরণীর এক প্রস্থ এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

প্রাপকঃ তাছলিমা খাতুন
সিনিয়র স্টাফ নার্স

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
ই-মেইলঃ info@dgnm.gov.bd

বর্তমান ঠিকানা
তাছলিমা খাতুন
পিতা- মোঃ আব্দুল জলিল
সিনিয়র স্টাফ নার্স
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চর রাজীবপুর, কুড়িগ্রাম।

স্থায়ী ঠিকানা
তাছলিমা খাতুন
পিতা- মোঃ আব্দুল জলিল
গ্রামঃ বাহাদুরাবাদ, ইউনিয়নঃ বাহাদুরাবাদ
উপজেলাঃ দেওয়ানগঞ্জ, জেলাঃ জামালপুর।

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.২০০.২২. ৬২৪/১(৬) তারিখ-৭/০৯/২০২২ খ্রিঃ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৩। সিভিল সার্জন, জামালপুর/ কুড়িগ্রাম।
৪। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দেওয়ানগঞ্জ, জামালপুর/ চর রাজীবপুর, কুড়িগ্রাম।
৫। সহকারী পরিচালক, পিএমআইএস, এ অধিদপ্তর, ঢাকা। (অভিযোগনামাটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)
৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

৭/৯/২২
মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃঙ্খলা)
ফোনঃ ০২-৪১০৮০৪১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.২১৭.২২.৬২৫ তারিখঃ ৭/০৯/২০২২ খ্রিঃ

**অফিস আদেশ**

যুথি খাতুন, পিতাঃ মুজিবুর রহমান, সিনিয়র স্টাফ নার্স, জেলা সদর হাসপাতাল, রাজবাড়ী চাকরি হতে স্বেচ্ছায় অব্যাহতি চেয়ে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে গত ২৩/০৬/২০২২ খ্রিঃ তারিখ এ অধিদপ্তরে আবেদন প্রেরণ করেন। তিনি ২১/০৬/২০২২ খ্রিঃ তারিখ আবেদনে স্বাক্ষর করেন এবং এ অধিদপ্তরে ২৪/০৭/২০২২ খ্রিঃ তারিখে আবেদন গৃহীত হয়। তিনি ১৫/১২/২০১৬ খ্রিঃ তারিখ সরকারি চাকরিতে যোগদান করেন এবং গত ০৯/০১/২০২১ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত আছেন।

২। এমতাবস্থায়, যুথি খাতুন, পিতাঃ মুজিবুর রহমান, সিনিয়র স্টাফ নার্স, জেলা সদর হাসপাতাল, রাজবাড়ী এর আবেদনের প্রেক্ষিতে সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা-৫৩ মোতাবেক ০৯/০১/২০২১ খ্রিঃ তারিখ হতে তাকে সরকারি চাকরি থেকে অব্যাহতি প্রদান করা হলো।

৭/০৯/২২
সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইলঃ info@dgnm.gov.bd

০১। কর্মস্থলের ঠিকানা
যুথি খাতুন
পিতাঃ মুজিবুর রহমান
সিনিয়র স্টাফ নার্স
জেলা সদর হাসপাতাল, রাজবাড়ী।
০২। স্থায়ী ঠিকানা
যুথি খাতুন
পিতাঃ মুজিবুর রহমান
গ্রাম+পোঃ ভবদিয়া,
উপজেলাঃ রাজবাড়ী সদর, জেলাঃ রাজবাড়ী।

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.২১৭.২২.৬২৫/১(৯) তারিখঃ ৭/০৯/২০২২ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। পরিচালক (প্রশাসন), এ অধিদপ্তর, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক, জেলা সদর হাসপাতাল, রাজবাড়ী।
৪। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিনান্স অফিসার, রাজবাড়ী।
৫। সেবা তত্ত্বাবধায়ক, জেলা সদর হাসপাতাল, রাজবাড়ী।
৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, এ অধিদপ্তর, ঢাকা।
৭। প্রশাসনিক কর্মকর্তা, এ অধিদপ্তর, ঢাকা।
৮। সহকারি পরিচালক (পিএমআইএস), এ অধিদপ্তর, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, এ অধিদপ্তর, ঢাকা।

৭/৯/২২
মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৬২.২১. ৩২৮ তারিখ-০৭/০৯/২০২২ খ্রিঃ

বিষয়ঃ কারণ দর্শানোর নোটিশ।

আপনি মুহাম্মদ হেলাল উদ্দিন, পিতা- মুহাম্মদ আব্দুল বারিক, সিনিয়র স্টাফ নার্স, ১০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, সন্দ্বীপ, চট্টগ্রাম (সাবেক কর্মস্থল- শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজ হাসপাতাল, কিশোরগঞ্জ) এর বিরুদ্ধে এ মর্মে অভিযোগ উত্থাপিত হয়েছে যে, অন্যত্র বদলি হওয়ায় আপনার নামে পূর্বের কর্মস্থলে (শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজ হাসপাতাল, কিশোরগঞ্জ) কর্মরত থাকাকালীন নার্সিং ইনস্টিটিউট, কিশোরগঞ্জ এর বরাদ্দকৃত বাসা ৩১/১২/২০২১ খ্রিঃ তারিখে বাতিল হওয়ার পরও আপনি বাসা ছাড়ছেন না। এ ধরনের কর্মকান্ড অসদাচরণের সামিল।

২। এমতাবস্থায়, উল্লিখিত অভিযোগের প্রেক্ষিতে কেন আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ পত্র প্রাপ্তির ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো।

৭/৯/22

মোঃ রশিদুল মান্নাফ কবীর
উপসচিব
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)
ফোন নং: ০২-৪১০৮০৪১৭

মুহাম্মদ হেলাল উদ্দিন
পিতা- মোহাম্মদ আব্দুল বারিক
সিনিয়র স্টাফ নার্স
১০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, সন্দ্বীপ, চট্টগ্রাম।
(সাবেক কর্মস্থল- শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজ হাসপাতাল, কিশোরগঞ্জ)।

অনুলিপি: জ্ঞাতার্থে
১। পরিচালক, শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজ হাসপাতাল, কিশোরগঞ্জ ।
২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ১০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, সন্দ্বীপ, চট্টগ্রাম ।
৩। সহকারি পরিচালক, পিএমআইএস, এ অধিদপ্তর, ঢাকা (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)।
৪। জেলা পাবলিক হেলথ নার্স, চট্টগ্রাম।
৫। সেবা তত্ত্বাবধায়ক, শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজ হাসপাতাল, কিশোরগঞ্জ।
৬। নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং ইনস্টিটিউট, কিশোরগঞ্জ।
৭। নার্সিং সুপারভাইজার, ১০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, সন্দ্বীপ, চট্টগ্রাম ।
৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।